দৈনিক
ইত্তেফাক

তারিখ 02 OCT 2016
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২

# সুজানগরে স্কুলের রাস্তা না থাকায় সাঁকো দিয়ে চলে পারাপার

■ সুজানগর (পাবনা) সংবাদদাতা

সুজানগরের পাইকপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্যাকবলিত হওয়ায় শিক্ষার্থীরা ঝুঁকি নিয়ে সাঁকো পার হয়ে বিদ্যালয়ে যাতায়াত করছে। শিক্ষার্থীরা যে কোনো মুহূর্তে সাঁকো থেকে পানিতে পড়ে হতাহতের ঘটনা ঘটতে পারে।

জানা যায়, ১৯৯১ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টি উপজেলার ঐতিহ্যবাহী গাজনার বিলের পাড়ে অবস্থিত। এ কারণে বর্ষা আসামাত্র বিদ্যালয়টির চারিদিকে পানিতে থৈ থৈ করে। স্থানীয় লোকজন জানায়, জুলাই মাসের শুরুতে বিদ্যালয়টি জলবদ্ধতার কবলে পড়ে। আর এই পানি বিদ্যালয়ের চার পাশে থাকে প্রায় নভেম্বর মাস পর্যন্ত।

এসময় বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের ঝুঁকি নিয়ে সাঁকো পার হয়ে বিদ্যালয়ে যাতায়াত করা ছাড়া আর কোনো উপায় থাকে না। বিশেষ এই বিদ্যালয়ে যাতায়াতের রাস্তা এবং বিদ্যালয় মাঠ অত্যন্ত নিচু হওয়ায় বর্ষা আসামাত্র ওই রাস্তা এবং মাঠ পানিতে তলিয়ে যায়। এর ফলে পাশে বড় রাস্তার সাথে সাঁকো দিয়ে শিক্ষার্থী ও শিক্ষকরা ঝুঁকি নিয়ে পারাপার হয়ে থাকে।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার সৈয়দা নার্গিস আক্তারের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, বিদ্যালয়ে যাতায়াতের রাস্তা ও মাঠ সংস্কারের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। আশা করা হচ্ছে, শীঘ্রই মাটি ভরাট করে সমস্যার সমাধান হবে।